

ডিগ্রি পরীক্ষা শুরু ২৮ মার্চ

■ সমকাল প্রতিবেদক
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের ডিগ্রি-পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা আগামী ২৮ মার্চ শুরু হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ডিগ্রি-পাস ও সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ ছাড়া পরীক্ষা-সংক্রান্ত বিস্তারিত তথ্য www.nu.edu.bd এবং www.nu.edu.bd/degree এই ওয়েব ঠিকানায় জানা যাবে। এদিকে মাস্টার্স প্রথম পর্ব (নিয়মিত) ও মাস্টার্স/স্পেশাল এডুকেশন/ডিপ্লোমা (প্রফেশনাল) ডিগ্রি ভর্তির রিলিজ স্মিপের মেধ্যতালিকা আগামী ১১ মার্চ প্রকাশ করা হবে।